দর্শনায় দ্রুতগতির ইজিবাইকের ধাক্কায় প্রান গেল শিশুর

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজলার দর্শনা-কার্পাসডাঙ্গা সড়কে দ্রুতগতির ইজিবাইকের ধাক্কায় আব্দুস সামাদ (৬) নামের এক শিশু নিহত হয়েছে। নিহত শিশু আব্দুস সামাদ প্রতাপপুর গ্রামের আহাদ আলীর ছেলে। এ দুর্ঘটনাটি ঘটছে গতকাল শনিবার বেলা সাড়ে ১২টার দিকে।

প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে দর্শনা থানা অফিসার ইনচার্জ বিপ্লব কুমার সাহা জানান, এদিন দুপুরে সড়কের পাশে আব্দুস সামাদ খেলা করছিল। এ সময় সে সড়কের অপর পাশে যেতে গেলে কার্পাসডাঙ্গা থেকে ছেড়ে আসা যাত্রী বোঝায় ইজিবাইক চালক দ্রুতগতির ইজিবাইকটি দিয়ে তাকে ধাক্কা দিলে সে সড়কের ওপর ছিঁটকে পড়ে ঘটনাস্থলই নিহত হয়। পরে ইজিবাইকটি ও তার চালককে স্থানীয় লোকজনের সহায়তায় আটক করে দর্শনা থানায় নেওয়া হয়। তবে নিহত শিশু সামাদের পরিবারের পক্ষ থেকে এ দুর্ঘনার বিষয়ে কোন মামলা না করায় ইজিবাইকসহ চালককে ছেড়ে দেওয়া হবে বলে তিনি জানান।

গতকালই শিশু সামাদের লাশ স্থানীয় কবরস্থানে এশা বাদ বেদনা বিধুর পরিবেশে দাফন সম্পর্ন হয়েছে। তার অকাল মৃত্যতে ঐ এলাকার আকাশ বাতাস ভারী হয়ে উঠেছে।

দর্শনায় নৌকা প্রতীকের পক্ষে নির্বাচনী প্রচারনা সভা

আগামী ৭ জানুয়ারী অনুষ্ঠিত হবে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এ নির্বাচনকে ঘিরে শুরু হয়েছে প্রচার প্রচারনা।আজ শুক্রবার সন্ধায় দর্শনা ইসলাম বাজার ফ্রেন্ডস আইডিয়াল ক্লাব চত্তরে নৌকা প্রতিকের পক্ষে প্রচারনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি আব্দুল গফুরের সভাপত্বিতে প্রধান

অতিথী হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু।

এ সময় তিনি বলেন, উন্নয়নের ধারা অব্যাহত রাখতে হলে শেখ হাসিনা সরকারের কোন বিকল্প নেই। তাই আগামী নির্বাচনে নৌকা মার্কায় ভোট দিয়ে আওয়ামীলীগ সরকার গঠনে সহায়তা করুন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন দর্শনা পৌর আআওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী,আওয়ামীলীগ নেতা, জাহিদুল ইসলাম,বিল্লাল হোসেন,মাওঃ ওমর আলী,দামুড়হুদা উপজেলা যুবলীগের সভাপতি আব্দুল হান্নান ছোট,সহ সম্পাদক আব্দুল মান্নান খান,প্রমুখ।

অনুষ্টানটি উপস্থাপনা করেন, দর্শনা পৌর যুবলীগের সাধারন সম্পাদক শেখ আসলাম আলী তোতা।

দর্শনায় যথাযোগ্য মর্যাদায় মহান বিজয় দিবস পালিত

বিজয়ের লাল ছুঁয়ে যাক সুবুজে এ স্লোগানকে সামনে রেখে বিজয়ের ৫২ বছরে আমাদের যা কিছু অর্জন বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান এবং আওয়ামী লীগের হাত ধরেই হয়েছে বাঙ্গালি জাতি, এ উপলক্ষে দর্শনায় যথাযোগ্য মর্যদায় নানা আয়োজনে মহান বিজয় দিবস পালিত হয়েছে।

এ উপলক্ষে দর্শনা পৌরসভার আয়োজনে দর্শনা রেল বাজার বঙ্গবন্ধু চত্তরে জাতীয় পতাকা দলীয় পতকা ও মুক্তিযোদ্ধা পতকা উত্তোলন করেন,চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী আলী আজগার টগর ও বীর মুক্তিযোদ্ধা পৌর আওয়ামীলীগের সভাপতি রুস্তম আলী,ও দলীয় নেতাকর্মীরা।তারপর দলীয় নেতাকর্মীদের সাথে নিয়ে দর্শনা কেরুজ বাজার মাঠে উপস্থিত হয়।

দর্শনা পৌর আওয়ামীলীগের উদ্দগে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, সরকারী-বেসরকারী সংস্থা, রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক সংগঠন,

ফিরোজ আহম্মেদ ও সাধারন সম্পাদক মাসুদুর রহমান, সহ-সভাপতি মোস্তাফিজুর রহমান, সহ-সম্পাদক খবির উদ্দিন, কেরুজ উচ্চ বিদ্যালয় ও প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুর রহিম, সহকারী শিক্ষকবৃন্দরা উপস্থিত ছিলেন।তার আগে ফিরোজ আহম্মেদ সবুজ সংগঠন ও মাসুদ সংগঠন ও সৌমিক হাসান রুপমের নেতৃত্বে শ্রমিক কর্মচারীদের নিয়ে দর্শনার শহরে র‍্যালি প্রদিক্ষন করে।র‍্যালি শেষে মাসুদ সংগঠনের পক্ষ থেকে কাঙ্গালী ভোজ অনুষ্ঠিত হয়।

দেশ স্বাধীনতা লাভের বিষয়ে সংক্ষিপ্ত আলোচনা সহ সংক্ষিপ্ত আলোচনার করা হয়। এছাড়াও দিনব্যাপী ব্যাপক কর্মসূচির মধ্যদিয়ে দিবসটি উদযাপন করা হয়েছে।

কর্মসূচির মধ্যে রাত ১২টা ১ মিনিটে চিনিকল মুক্তিযোদ্ধা কমান্ড ও শ্রমিক কর্মচারী ইউনিয়নের তোপধ্বনী, বিদ্যালয় ছাত্র-ছাত্রীদের মিষ্টি বিতরণ, মসজিদ, গীর্জা ও মুন্দিরে প্রার্থনা, হাসপাতাল রোগীদের ফলমূল বিতরণ, চিনিকল কর্মকর্তা, শ্রমিক-কর্মচারী ও মুক্তিযোদ্ধাদের মধ্যে প্রীতি ভলিবল প্রতিযোগীতা সহ বিভিন্ন প্রতিযোগীতা ও পুরুস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

এছাড়া বিজয় দিবসে কেরুজ জেনারেল অফিস, ডিষ্টিলারী কারখানা, কেরুজ ক্লাব ও ইউনিয়ন অফিস আলোকসজ্জা করা হয়েছে। সবশেষে সন্ধায় কেরুজ ক্লাব মাঠে সাংস্কৃতিক সন্ধার আয়োজন করা হয়।

দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের ২০২৩-২৪ আখ মাড়াইয়ের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনা কেরু এ্যান্ড কোম্পানী চিনিকলের এ মৌসুমে আখ মাড়াই উদ্বোধন করা হয়েছে। আজ শুক্রবার (১৫ ডিসেম্বর) বিকাল সাড়ে ৪টায় দেশের সবচেয়ে বড় চিনিকল কমপ্লেক্সের ডোঙায় আখ ফেলে মাড়াই মৌসুমের উদ্বোধন করেন প্রধান অতিথি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করর্পোরেশনের চেয়ারম্যান শেখ শোয়েবুল আলম এনডিসি।

কমপ্লেক্স দীর্ঘদিন ধরে অব্যাহত লোকসান গুনে আসছিল। সরকারিভাবে চিনির মুল্য বৃদ্ধির কারণে কিছুটা ঘুরে দাঁড়িয়েছে। প্রায় ২২ কোটি টাকা ব্যয়ে সম্প্রতি নতুন নতুন যন্ত্রপাতি সংযোজন করে মিলটিতে আধুনিকায়নের কাজ চলছে। লোকসান কমানোর জন্য নেওয়া হয়েছে নানা মুখী পদক্ষেপ।

এ অনুষ্ঠানটি উপস্থাপনা করেন কেরু এ্যান্ড কোম্পানীর জি এম কুষি আশরাফুল আলম ভৃইয়া।

দর্শনায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে আলোচনা সভা

সারা দেশের ন্যায় দর্শনায় শহীদ বুদ্ধিজীবী দিবস উপলক্ষে পুষ্পমাল্য অর্পণ, আলোচনা ও দোয়া অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১০টার দিকে দর্শনা সরকারি কলেজের উদ্যোগে কলেজ প্রাঙ্গনে এ কর্মসূচি পালন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই গভীর শ্রদ্ধার সাথে স্মরন করে বুদ্ধিজীবী সৃতিস্তম্ভে পূষ্পমাল্য অর্পন করেন দর্শনার রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক ও বেশ কিছু শিক্ষা প্রতিষ্ঠান। পূষ্পমাল্য অর্পনের পর সকল শহীদের স্বরণে ১ মিনিট নিরবতা পালন শেষে দর্শনা সরকারি কলেজের অধ্যক্ষ রেজাউল করিমের সভাপতিত্বে প্রধান অতিথি থেকে আলোচনা করেন, দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান ও উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলী মুনসুর বাবু।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থেকে আলোচনা করেন, দর্শনা পৌর মেয়র ও উপজেলা আওয়ামীলীগের সহ-সভাপতি আতিয়ার রহমান হাবু, দর্শনা পৌর আওয়ামীলীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুস্তম আলী, দর্শনা নাগরিক কমিটির সদস্য সচিব গোলাম ফারুক আরিফ, বীর মুক্তিযোদ্ধা সবুর আলী, দর্শনা সরকারি কলেজের উপাধ্যক্ষ ড. মফিজুর রহমান, দর্শনা গণ উন্নয়ন গ্রন্থাগারের নির্বাহী পরিচালক আবু সুফিয়ান।

এসময় আলোচনায় অতিথিদয় বলেন, ১৯৭১ সালে বিজয়ের ঠিক দুই দিন আগে পাকিস্তানি শাষকরা বুঝতে পেরেছিলো বাংলাদেশ বিজয়ের দ্বার প্রান্তে পৌঁছে গেছে। সেই কারনে দেশ ও জাতিকে পিছিয়ে দেওয়ার জন্য শৈরাচার শাসকরা এদেশকে মেধাশূন্য করার লক্ষে বেছে বেছে বুদ্ধিজীবীদের নির্মম ভাবে হত্যা করেছিলো। তার মধ্যে তৎকালিন সময়ে ৩ জন বুদ্ধিজীবী শিক্ষক ছিলেন। যাদেরকে পাক বাহিনী ধরে নিয়ে যায়। পরবর্তিতে তাদের লাশও পাওয়া যায়নি। এদের মধ্যে ছিলেন, অধ্যক্ষ লতাফত হোসেন জোয়ার্দ্দার, অধ্যাপক রফিকুল ইসলাম, অধ্যাপক নাসির উদ্দিন। এই দিনে দর্শনা সরকারি কলেজের ৩জন বুদ্ধিজীবী শিক্ষক শহীদ হয়। তাই প্রতি বছরই দর্শনা সরকারী কলেজের পক্ষ থেকে শহীদদের স্বরনে এ অনুষ্ঠান করা হয়ে থাকে।

অনুষ্ঠানে দর্শনা সরকারি কলেজ ছাত্রলীগের সাধারণ সম্পাদক তোফাজ্জেল হোসেন তপু’র সঞ্চালনায় বিশেষ অতিথি হিসাবে আরও উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা ছাত্রলীগের সভাপতি আরিফুল ইসলাম মল্লিক, ছাত্রলীগ নেতা- নাজিম উদ্দীন, দর্শনা কলেজ ছাত্রলীগের সভাপতি নাহিদ পারভেজ, সহ-সভাপতি আশরাফুজ্জামান রিপন, কামরুল হাসান লোমান, মিল্লাত হোসেন, যুগ্ম সাধারণ সম্পাদক প্রভাত আলম, দপ্তর সম্পাদক রায়হান হোসেন, প্রচার সম্পাদক অপু সরকার সহ কলেজের সকল শিক্ষক-শিক্ষিকা, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান শিক্ষক-শিক্ষিকা ও কলেজের ছাত্র-ছাত্রীরা। অনুষ্ঠান শেষে শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া পরিচালনা করা হয়।

দর্শনায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মুক্তিযোদ্ধা সন্তান কমিটি গঠন

দর্শনায় পারকৃষ্ণপুর-মদনা ইউনিয়নে মুক্তিযোদ্ধা সন্তানদের নিয়ে মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডের কমিটি গঠন করা হয়েছে।

গতকাল বিকাল চারটায় পার কৃষ্ণপুর-মদনা ইউনিয়নের মুক্তিযোদ্ধা সন্তানদের আয়োজনে পরিষদের হল রুমে মুক্তিযোদ্ধা সন্তান সাব্বির

হোসেন তোতার সভাপতিত্বে, সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন, পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এ এম জাকারিয়া আলম।

এ সময় তিনি বলেন এ ধরনের সংগঠন মুক্তিযোদ্ধা পরিবারের অধিকার আদায়ের ও বিভিন্ন ধরনের সমস্যা সমাধানে ব্যাপক ভূমিকা রাখবে বলে মনে করি। এছাড়া সকল মুক্তিযোদ্ধা সন্তানরা এভাবে যদি একত্রিত হয়ে থাকে তাহলে স্বাধীনতা বিরোধী অপশক্তি দেশে কোন ধরনের অরজগতা সৃষ্টি করার সাহস পাবে না।

এ সময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার বীর মুক্তিযোদ্ধা সন্তান কমান্ডর আহবায়ক কামাল উদ্দিন আহমেদ সান্টু আরো উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলার যুগ্ম আহবায়ক ইকবাল রেজা। পারকেষ্টপুর মদনা ইউনিয়নের শতাধিক মুক্তিযোদ্ধা পরিবারের সন্তানেরা।

এসময় মুক্তিযুদ্ধা সন্তান জিয়াউর রহমান কে আহবায়ক, হাফিজুর রহমান ও মাসুদ রানা (লিকন) কে যুগ্ন আহবায়ক এবং জাহাঙ্গীর হোসেন সদস্য, নাছিমা খাতুন সদস্য, আব্দুল হালিম কে নির্বাহী সদস্য করে ২১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটি গঠন করা হয়।

দর্শনায় ভিটামিন-এ ক্যাপসুল ক্যাম্পেইনের উদ্বোধন

চুয়াডাঙ্গার দর্শনায় শিশুদের ভিটামিন এ ক্যাপসুল ক্যাম্পেইন এর উদ্বোধন করলেন পৌরসভার মেয়র আতিয়ার রহমান হাবু। গতকাল মঙ্গলবার সকাল ৮ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত এই ক্যাম্পেইন অনুষ্ঠিত হয়েছে।

জানাগেছে, দর্শনা পৌরসভার ৯টি ওয়ার্ডে মোট ২৮টি টিকাদান কেন্দ্রে ৬মাস থেকে ১১মাস পর্যন্ত ৪,৬৯ জন শিশুর ও ১বছর থেকে ৬ বছর পর্যন্ত ৩,২৬৬ জন শিশুকে এ ক্যাপসুল খাওয়ানো হয়।

এসময় আরও উপস্থিত ছিলেন, দর্শনা কেরু এন্ড কোম্পানির শ্রমিক ও কর্মচারী ইউনিয়নের সাবেক সভাপতি তৈয়ব আলী, সাধারণ সম্পাদক পদপ্রার্থী ও ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি এবং সাবেক কাউন্সিলর জয়নাল আবেদীন নফর, পৌরসভার ১ নং ওয়ার্ড কাউন্সিলর হাসান খালেকুজ্জামান, ১ নং ওয়ার্ড আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নেফাউর রহমান, পৌরসভার টিকাদান সুপারভাইজার আব্দুল মজিদ, দর্শনা রিক্সা-ভ্যান চালক ইউনিয়নের সভাপতি হবা জোয়ার্দার সহ এলাকার স্থানীয় ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।

দর্শনার মোটরসাইকেল ও বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষ নিহত ১, আহত ৩

চুয়াডাঙ্গা সদরের দোস্ত গ্রামে মোটরসাইকেল ও বাইসাইকেল মুখোমুখি সংঘর্ষে বাইসাইকেল চালক রহমতুল্লাহ(৬৫) ঘটনাস্থলেই নিহত হয়েছে। গুরুতর আহত হয়েছে মোটরসাইকেল চালকসহ ৩ জন।

জানাযায় আজ মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার নবগঠিত নেহালপুর ইউনিয়নের দোস্ত গ্রামের বাজার সংলগ্ন তালতলা নামক স্থানে এ দৃর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষসুত্রে জানাযায় মোটরসাইকেল যোগে হিজলগাড়ি থেকে দর্শনার দিকে আসার পথে দোস্ত গ্রাম সংলগ্ন তালতলা নামক স্থানে পৌঁছালে বাইসাইকেলের পিছনে দ্রতগতির মোটরসাইকেল স্বজরে ধাক্কা মারলে সাইকেল চালক পিচ রাস্তার উপর সিটকে পড়ে। এতে গুরুতর আহত হয়ে ঘটনাস্থলে নিহত হয় কুন্দিপুর গ্রামের মৃত্য ছলিম শেখের ছেলে রহমতুল্লা(৬৫)।

এতে গুরুতর আহত হয় মোটরসাইকেল চালক দর্শনা মোহাম্মদপুর গ্রামের বারেক হাওলাদারের ছেলে ইসলাম হাওলাদার (৩৫),একই পাড়ার সুকুমার আলীর ছেলে লিটন(২৮)ও আজমপুর গ্রামের হারুন অর রশিদের ছেলে অন্তর(২৫) সাথে সাথে তাদের ৩ জনকে উদ্ধার করে দর্শনা মা ও শিশু

জেনারেল হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাদের ৩ জনের মধ্যে একজনের অবস্থা আশংকাজনক হওয়ায় চুয়াডাঙ্গা সদর হাসপাতালে রেফার্ড করেছে। বাকী ২ জন প্রাথমিক চিকিৎসা শেষে বাড়ি ফিরছেন।

এ ঘটনায় দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি বিপ্লব কুমারসাহা ঘটনার সত্যতা স্বীকার করে বলেন সাথে সাথে ঘটনাস্থলে পুলিশ পাঠায় এবং লাশ পুলিশ হেফাজতে নেওয়া হয়। পরে তার দুই সন্তান এসে বলে আমরা কোন অভিযোগ করবো না। পরে তার পরিবারের কাছে লাশ হস্তান্তর করে দিয়েছি। দূর্ঘটনা কবলিত মোটরসাইকেল ও বাইসাইকেল হিজলগাড়ি ক্যাম্প হেফাজতে আছে। এ বিষয়ে দর্শনা থানায় একটি অপমৃত্য মামলা হয়েছে।

দর্শনায় দুটি প্রতিষ্ঠানকে ২০ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে দর্শনা বাসস্ট্যান্ডের দুটি ব্যবসা প্রতিষ্ঠানের ২০ হাজার টাকা জরিমান আদায় করেছে।

আজ বিকাল তিনটার দিকে দর্শনা পৌর এলাকা বাসস্ট্যান্ড গোল চত্বর সংলগ্ন সুরমা বেকারিতে অভিযান চালায়।

এ সময় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পণ্য উৎপাদন করায় বেকারি মালিককে ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এরপরই পাশের মিঠাই ঘর মিষ্টির দোকানে মূল্য তালিকা না থাকায় ও মিষ্টির কারখানায় অস্বাস্থ্যকর পরিবেশে খাবার পূর্ণ রাখাসহ বাঁশি পচা মিষ্টি ফ্রিজজাতকরণের কারণে মিষ্টির দোকানিকে ১০ হাজার টাকা জরিমানা করে। এ অভিযান পরিচালনা করেন ভোক্তা অধিকার সংরক্ষণ চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহাম্মেদ।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা স্যানিটারি ইন্সপেক্টর আনিসুর রহমান ও দর্শনা থানা পুলিশ।

[redacted]

[redacted]